ভাষা এবং সাক্ষরতা

ভাষা ও সাক্ষরতার জন্য জুটিতে কাজ

Pair work for language and literacy

ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য শিক্ষা

www.TESS-India.edu.in

http://creativecommons.org/licenses/

TESS-ইন্ডিয়া (টিচার এডুকেশন থ্রু স্কুল বেসড সাপোর্ট)-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদক্ষেপের উন্নতিতে শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস (OERs)-এর সম্পদগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের রীতিগুলিকে উন্নত করা। TESS-ইন্ডিয়া OERs শিক্ষকদের স্কুলের পাঠ্যবইয়ের সহায়িকা প্রদান করে এগুলি শিক্ষকদেরকে তাঁদের শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য অ্যাক্টিভিটি প্রদান করে, আর একই সাথে কিছু কেস স্টাডি প্রদান করে যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে যোগসূত্র স্থাপন করেছে যাতে শিক্ষকদেরকে তাঁদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞানকে উন্নত করতে সাহায্য করা যায়।

ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য TESS-ইন্ডিয়া OERs সহযোগীতামূলক ভাবে ভারতীয় এবং আর্ন্তজাতিক লেখকদের দ্বারা লেখা হয়েছে এবং এটি অনলাইনে এবং ছাপার ব্যবহারের জন্য উপলব্ধ আছে (http://www.tess-india.edu.in/)। OERs অনেক সংস্করণে পাওয়া যায়, এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা এবং প্রসঙ্গ পূরণ করতে OERsকে ব্যবহারকারীদের গ্রহণ এবং স্থানীয় ভাষায় অনুবাদ করতে আমন্ত্রণ করা হয়।

TESS-ইন্ডিয়া দি ওপেন ইউনির্ভাসিটি UK দ্বারা পরিচালিত এবং UK সরকার আর্থিক বিনিয়োগ করেছে।

ভিডিও সম্পদসমূহ

এই ইউনিটে কিছু কার্যক্রমের সঙ্গে নিম্নলিখিত আইকনগুলি আছে: । এর অর্থ হল যে নির্দিষ্ট শিক্ষাদান সক্রান্ত থিমের জন্য TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ দেখা আপনার পক্ষে সহায়ক হবে।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদসমূহ ভারতের ক্লাসঘরের বিবিধ প্রকারের পরিপ্রেক্ষিতে মূল শিক্ষাদানসংক্রান্ত কৌশলগুলি চিত্রিত করে। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ চর্চা নিয়ে পরীক্ষা করতে সাহায্য করবে। সেগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে আপনার কাজের অভিজ্ঞতা বাড়ানো ও পরিপূর্ণ করা, কিন্তু আপনি যদি সেগুলি পেতে অসমর্থ হন, সেই ক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।

TESS-ইন্ডিয়া ভিডিও সম্পদগুলি অনলাইনে দেখা যায় বা TESS-ইন্ডিয়া ওয়েবসাইট, (http://www.tess-india.edu.in/) থেকে ডাউনলোড করা যায়। অন্যথায় আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।

সংস্করণ 1.0   LL13v1
West Bengal

তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সামগ্রীটি একটি ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্ধ: http://creativecommons.org/licenses/by-sa/3.0/

[illegible]

এই ইউনিটের বিষয়বস্তু

এই ইউনিট আপনার ভাষার পাঠে জুটিতে কাজের পরিকল্পনা ও ব্যবস্থাপনার ওপর আলোকপাত করে। জুটিতে কাজ আপনার শিক্ষণ উপকরণ সংগ্রহের অত্যন্ত কার্যকরী হাতিয়ার হতে পারে, যা অনেকগুলো আলাদা আলাদা ধরনের কার্যকলাপের মাধ্যমে বন্ধুভাবাপন্ন, সহযোগিতামূলক শিক্ষার সুযোগ প্রদান করে।

এই ইউনিটে আপনি কী শিখতে পারেন

- আপনার ভাষা পাঠে কীভাবে জুটিতে কাজের পরিকল্পনা ও ব্যবস্থাপনা করা যায়।
- কীভাবে আপনার শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা কৌশলের সংগ্রহ সম্প্রসারিত করা যায়।
- আপনার শিক্ষার্থীর ভাষা এবং সাক্ষরতা বিকাশের মূল্যায়নের সুযোগ হিসেবে কীভাবে জুটিতে কাজ ব্যবহার করা যায়।

কেন এই পদ্ধতি গুরুত্বপূর্ণ

দৈনিক পরিস্থিতির ক্ষেত্রে, মানুষ একে অপরের সাথে কাজ করেন, বলা এবং শোনা, দেখেন, সহায়তা করেন, পরামর্শ দেন, এবং সহযোগিতা করেন। এই ধরনের সহযোগিতামূলক কাজ ধারণা আদানপ্রদানে উৎসাহ দেয় এবং কাজ করার বিভিন্ন উপায়ের দরজা খুলে দেয়। শ্রেণিকক্ষের সমস্ত কিছু শিক্ষক কেন্দ্রিক হলে, শিক্ষার্থীদের পক্ষে স্বাভাবিক, পারস্পরিক লাভজনক উপায় অন্বেষণ করা, আলোচনা করা, প্রশ্ন করা, গবেষণা করা ও শেখার সুযোগ খুব কম থাকে। জুটিতে কাজের ব্যবহার আপনার ভাষা পাঠগুলোতে এই ধরনের কথাবার্তা-ভিত্তিক শেখার সুযোগ অন্তর্ভুক্ত করার একটি অত্যন্ত কার্যকরী উপায়।

জুটিতে কাজ সকল বয়স ও বিষয়ের জন্য উপযুক্ত। একই সঙ্গে অনেক শিক্ষার্থীদের কথা বলতে সক্ষম করে বলে, এটা বড় আকারের শ্রেণিগুলোর ক্ষেত্রে বিশেষভাবে ফলপ্রসূ। এটাতে সমস্ত শিক্ষার্থীদের মত বিনিময় করার প্রয়োজন হয় বলে এটার সকলকে অন্তর্ভুক্ত করার ক্ষমতা অনেক বেশি। বহুভাষিক, বহু-গ্রেডের শ্রেণিগুলোর ক্ষেত্রে এটা বিশেষ কার্যকর, যেহেতু আপনার শিক্ষার্থীদের চাহিদাসমূহের সাথে সঙ্গতি বজায় রেখে নমনীয় ও সহায়ক রূপে জুটি তৈরি করা যায়। একই ধরনের শেখার মাত্রা, বিভিন্ন শেখার মাত্রা, নিজস্ব ভাষাগত সমতার বন্ধুত্ব, এর যে কোনটি অনুসারে আপনি শিক্ষার্থীদের একত্রিত করুন, অথবা এলোপাথাড়িভাবে তাদের বিন্যস্ত করুন, আপনার জুটি গঠনের পদ্ধতির পরিবর্তন শেখার ক্ষেত্রে উদ্দীপনামূলক হতে পারে এবং শ্রেণিকক্ষের সম্পর্ক উন্নত করতে পারে।

1 আপনি কেন জুটিতে কাজ ব্যবহার করবেন?

অ্যাক্টিভিটি 1 আপনার ভাষা পাঠগুলোর ক্ষেত্রে জুটির কাজ ব্যবহারের বিষয়ে মত প্রকাশে উৎসাহ দেয়।

অ্যাক্টিভিটি 1: শ্রেণিকক্ষে জুটিতে কাজ ব্যবহারের বিষয়ে মতামত প্রকাশ

সম্ভব হলে কোন সহকর্মীর সাথে, সম্পদ 1, 'জুটিতে কাজ ব্যবহার করা' পড়ার মাধ্যমে শুরু করুন। শিক্ষক হিসেবে এই পাঠ্যের মূল শিক্ষণগত বিষয়গুলো কী কী বলে আপনি বিবেচনা করেন তা চিহ্নিত করুন।

আপনি সাম্প্রতিক কালে শিখিয়েছেন এমন দু-একটা পাঠের কথা ভাবুন। হতে পারে এগুলো ভাষা অথবা নির্দিষ্ট কোন বিষয়ের ওপর আলোকপাত করা।

- সেখানে কী জুটিতে কাজের সুযোগ ছিল? তা থাকলে, সেগুলো কী কী?
- আপনি কি আপনার শিক্ষার্থীদের জুটিতে কাজ করাতে সেগুলো ব্যবহার করেছিলেন? যদি তাই হয় তবে সেগুলোর ব্যবহার কতটা সফল হয়েছিল?
- জুটিতে কাজের ধারণা আপনার ক্ষেত্রে নতুন হলে, আপনার শ্রেণিকক্ষে নিয়মিত রীতি হিসেবে একে প্রয়োগ করার বিষয়ে আপনার চিন্তাভাবনাগুলো কী কী?

ভিডিও: জুটিতে কাজ ব্যবহার করা

2 জুটিতে কাজ ব্যবহার করে পাঠের উদাহরণসমূহ

প্রথম কেস স্টাডিটিতে আপনি এমন একজন শিক্ষক সম্পর্কে পড়বেন যিনি কবিতা লেখার কাজে জুটিতে কাজকে কাজে লাগিয়েছিলেন।

কেস স্টাডি 1: কবিতার শ্রেণিতে জুটিতে কাজ ব্যবহার করা

মিঃ সুমিত মাজি পুরুলিয়ার বাইরে একটা ছোট বিদ্যালয়ে কর্মরত। তাঁর অষ্টম শ্রেণির শিক্ষার্থীদের লেখার ক্ষমতার মধ্যে অনেক ফারাক আছে। তিনি এখানে বর্ণনা করেন যে, তাদের কবিতা লেখায় সহায়তা করতে তিনি কীভাবে জুটিতে কাজের ব্যবহার করেছিলেন।

আমার শিক্ষার্থীরা অন্নদাশঙ্কর ও নীরেন্দ্রনাথ চক্রবর্তীর কিছু সাম্প্রতিক কবিতা জোরে জোরে পড়ছিল। তারা ইতিমধ্যেই নিজেদের থেকে কিছু কবিতা লিখেছিল। এইবারে আমি তাদের জুটিতে লেখানোর সিদ্ধান্ত নিই।

আমি এমন একটা বিষয় নির্বাচন করি যা তারা সহজে শনাক্ত করতে পারবে বলে মনে হয়েছিল: বন্ধুদের সাথে তর্ক। গোটা শ্রেণিকে কিছু প্রশ্ন করার মাধ্যমে আমি বিষয়টার সূচনা করি। এগুলোর মধ্যে ছিল:

- ‘শেষ কখন তোমার সাথে কোনো বন্ধুর দ্বিমত হয়েছিল?’
- ‘সেটা কি ছোটখাটো তর্ক ছিল না কি খুব বড়?’
- ‘সেটা তোমার কেমন লেগেছিল?’
- ‘তোমাদের দ্বিমত মিটেছিল কি?’
- ‘তা ঘটে থাকলে, কখন? মিটতে কতটা সময় লেগেছিল?’
- ‘তা না হলে, এটা মিটে যাবে বলে তুমি কি এখনও আশা কর?’
- ‘তোমাদের বন্ধুত্ব কি এখনও আগেকার মতই আছে?’

এই বিষয়টা প্রচুর আলোচনার জন্ম দিয়েছিল, অনেক শিক্ষার্থী এতে অবদান রাখে। তাদের ব্যবহৃত কিছু শব্দ এবং বাক্যাংশ আমি বোর্ডে লিখেছিলাম যাতে তারা এগুলোকে তাদের লেখায় কাজে লাগাতে পারে।

পরবর্তীতে, আমি তাদের বলেছিলাম যে তারা জুটিতে কাজ করবে এবং ‘তর্ক’ নামে একটা কবিতা লিখবে। আমি আমার শিক্ষার্থীদের পাশের জনের সাথে কাজ করতে বলে জুটি সাজিয়ে দিই। তাদের ব্যাখ্যা করে বলেছিলাম যে তারা যেন পালা করে কবিতার এক-একটা লাইন তৈরি করে, আর সাথে সাথে লিখে নেয়। 30 মিনিট পরে, আমি প্রতি জুটি থেকে একজন করে স্বেচ্ছাসেবীকে তাদের সম্পূর্ণ – বা আংশিক কবিতা পড়ে শোনাতে ডাকি।

একটি জুটি এই কবিতাটা লিখেছিল:

‘তর্ক’

আমার বন্ধু আস্তির সাথে তর্ক হয়েছিল
মন্দিরের কাছে এক বুড়ো মানুষকে সে কিছু বলেছিল
তিনি ছিলেন গরীব আর বেশভূষা মলিন
কিন্তু আমার বন্ধুর দয়া হয়নি তাতে
আমি বলি, ভুল করেছ ওনার প্রতি অমন কথা বলে
সে বলল, আমার কিছু এসে যায় না মোটে
মানুষটার জন্য আমার দুঃখ হল খুব

একা একা চলে গেলাম হেঁটে

আমার শিক্ষার্থীরা যে কবিতাগুলো লিখেছিল সেগুলো ছিল তাদের অভিজ্ঞতা অনুসারে কিছু পরিস্থিতি আর অনুভূতির ওপর। জুটিতে কাজ তাদের ধারণা শেয়ার করতে এবং কীভাবে সেগুলোকে লেখার মধ্যে ধরা যায় বিবেচনা করতে সাহায্য করে।

আমি যখন জুটিতে কাজ ব্যবহার করি, তখন আমি অ্যাক্টিভিটিগুলোকে সংক্ষিপ্ত রাখি, যাতে কাদের সাথে তাদের দেওয়া হয়েছে সে ব্যাপারে আমার শিক্ষার্থীরা বিশেষ না ভাবে এবং নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পূর্ণ করার ব্যাপারে আরও নজর দিতে পারে। অবশ্য আমি লক্ষ্য করি যে, তারা দ্রুতই এইভাবে কাজ করতে অভ্যস্ত হয়ে উঠছে।

চিন্তার জন্য সাময়িক বিরতি

- আপনি কি মনে করেন জুটিতে কাজ করার পক্ষে 'তর্ক' শিক্ষার্থীদের জন্য একটা ভাল বিষয় নির্বাচন? এই বিষয়ের ক্ষেত্রে কোনো সমস্যা আছে কি?
- আপনার সম্পদ 1 পড়ার কথা মনে করলে, আপনি কি মনে করেন মিঃ আচারিয়ার পাঠে সকলকে অন্তর্ভুক্ত করা ছিল? তিনি কি করে জানবেন যে তাঁর সমস্ত শিক্ষার্থীরা শ্রেণির আলোচনা এবং যুগ্ম-লিখন কার্যকলাপে নিজেদের একটা অংশ রূপে অনুভব করেছিল?
- আপনি যদি এই পাঠ পড়াতেন, তবে লেখার কার্যকলাপের জন্য আপনি কীভাবে জুটি সাজাতেন: একরূপ বা বিভিন্ন রূপের শেখার মাত্রা অনুসারে, তাদের নিজেদের মধ্যে একই ভাষা শেয়ার করার ওপর ভিত্তি করে, বন্ধুদের এক সঙ্গে করে, অথবা এলোপাথাড়িভাবে? আপনার নির্বাচনের পক্ষে যুক্তি দিন।
- যে শিক্ষার্থীদের কবিতা লেখার ক্ষেত্রে আত্মবিশ্বাস বা আগ্রহের ঘাটতি আছে তাদের এই কার্যকলাপে অংশগ্রহণে কীভাবে উৎসাহ দেবেন?

পরবর্তী কেস স্টাডিতে, একজন শিক্ষক লেখার কাজের সহায়তায় জুটিতে সংলাপের ব্যবস্থা করেন।

কেস স্টাডি 2: বেজি আর কেউটে

শ্রীমতী অঞ্জু পুরুলিয়ার একটা বিদ্যালয়ে পড়ান। তাঁর ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে তিনি যে জুটিতে কাজ চালিয়েছিলেন এখানে তিনি তা বর্ণনা করেছেন।

আমার শিক্ষার্থীরা দেশীয় জীবজন্তু সম্পর্কে শিখছিল। তারা জানত যে বেজি কীটপতঙ্গ, পাখি, কেঁচো, সাপ, টিকটিকি আর কাঁকড়া খায়। তারা খুব দ্রুতচারী। তাদের ঘন লোম সাপের বিষ থেকে রক্ষা করে। তারা জানে যে চওড়া, চ্যাপ্টা ফনা সৃষ্টি করতে কেউটে তাদের গলাকে কাজে লাগায়। তারা যখন আসন্ন বিপদের সম্মুখীন হয়, তখন এর সাথে হিসস্ শব্দ তাদের সতর্কতামূলক ব্যবস্থার কাজ করে। তারা প্রধানত অন্যান্য সাপ, ছোট প্রাণী ও পাখি খায়।

আমি এই বিষয়ের সাথে জড়িত একটা ভাষার পাঠ পরিকল্পনা করেছিলাম। বেজি ও কেউটের চেহারা ও জীবন সম্পর্কে আমার শিক্ষার্থীদের কি মনে আছে তা জানতে চেয়ে আমি শুরু করি। আমার প্রশ্নগুলোর মধ্যে ছিল:

- 'এগুলো দেখতে কেমন?'
- 'এরা কী খায়?'
- 'মুখোমুখি হলে তাদের প্রতিক্রিয়া কী হতে পারে?'

আমি বোর্ডে কিছু মূল শব্দ লিখি, যেমন 'দ্রুত', 'হিসস্', 'আবরণ', 'সতর্কতামূলক' এবং 'বিষ'। পাঠের প্রথম ভাগে 15 মিনিট সময় লেগেছিল।

তারপরে আমি আমার শিক্ষার্থীদের বলি তাদের পাশের জনের সাথে কাজ করতে। আমি তাদের ঠিক করতে বলি কে কেউটে হবে আর কে বেজি হবে ঠিক করতে, আর ভাবতে বলি যে জঙ্গলে তাদের দেখা হলে তারা পরস্পরকে কী বলত। ইচ্ছে করলে অঙ্গভঙ্গি আর

ক্রিয়াকলাপের সাথে বিভিন্ন কন্ঠস্বর ব্যবহার করে দুটো প্রাণীর মধ্যে সংলাপ তৈরি করতে আমি তাদের 15 মিনিট সময় দিয়েছিলাম। কিছু শিক্ষার্থী সংলাপের জন্য তাদের নিজের ভাষা ব্যবহার করতে অথবা তাদের নিজের ভাষা ও বিদ্যালয়ের ভাষা মিশ্রণ ব্যবহার করা পছন্দ করেছিল। তাদের কাজের সময়, আমি তাদের দেখাশুনা করি আর তাদের অনুরোধে বোর্ডে মূল শব্দগুলো লিখে চলি। অনেক শিক্ষার্থী খুব প্রাণবন্তভাবে কথা বলছিল।

চিত্র 1 ‘বেজি আর কেউটে’ র অ্যাক্টিভিটি

তারপর আমি শিক্ষার্থীদের জুটিকে স্বেচ্ছাসেবী হিসেবে তাদের চরিত্রে অভিনয় করার জন্য ক্লাসের সামনে আসতে বলি। কিছু লাজুক শিক্ষার্থীদেরও আমি উৎসাহিত করার চেষ্টা করেছিলাম। অন্য শিক্ষার্থীরা মন দিয়ে শুনেছিল এবং প্রতিটা অভিনয়ের পরে হাততালি দিয়েছিল। যখন তাদের একজন নিজের ভাষায় সংলাপ বলছিল, তখন পরে আমি শ্রেণির বাকিদেরকে বিদ্যালয়ের ভাষায় তা অনুবাদে সাহায্য করার আমন্ত্রণ জানিয়েছিলাম। উপস্থাপনার জন্য আমি 30 মিনিট সময় দিয়েছিলাম।

শেষ করার আগে, আমি শিক্ষার্থীদের জুটিগুলোকে খাতায় তাদের সংলাপ লিখতে এবং ইচ্ছে করলে চিত্রিত করতে বলেছিলাম। এই চূড়ান্ত কাজের জন্য আমি তাদের 15 মিনিট সময় দিয়েছিলাম।

চিন্তার জন্য সাময়িক বিরতি

- শ্রীমতী অঞ্জুর পাঠ সংক্রান্ত বিভিন্ন অংশগুলোর সময়ের ভাগ কি আপনার বিদ্যালয়ের প্রেক্ষিতে কাজে লাগবে? পরবর্তী দিনগুলোতে দুটো পাঠের ক্ষেত্রে কার্যকলাপের সময় ভাগকে আপনি কী করে কাজে লাগাবেন?
- অন্য আর কী কী উপায়ে শ্রীমতী অঞ্জু তাঁর সেইসব শিক্ষার্থীদের সহায়তা করতে পারতেন যারা এই কার্যকলাপে তাদের নিজের ভাষা ব্যবহার করেছিল?
- পাঠের প্রতিটা অংশ শ্রীমতী অঞ্জুকে কীভাবে তাঁর শিক্ষার্থীদের নিরীক্ষণ, মূল্যায়ন ও সহায়তা করার সুযোগ দিয়েছিল তা লক্ষ্য করুন। তাদের পর্যবেক্ষণ করার সময় তিনি কী লক্ষ্য করেছিলেন বলে আপনি মনে করেন?
- শ্রীমতী অঞ্জু কথা বলা ও লেখার এই কার্যকলাপে কীভাবে পড়ার পর্যায় অন্তর্ভুক্ত করতে পারতেন?

জুটিতে কাজ করা শিক্ষার্থীদের নিরীক্ষণ করা ও মূল্যায়ন করার অনেক সুযোগ প্রদান করে। নিরীক্ষণের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে:

- শ্রেণির মধ্যে ঘোরা, পর্যবেক্ষণ করা ও শোনা
- প্রত্যেকে নির্দেশাবলী বুঝে যেভাবে কাজ করা উচিত তা করছে কিনা পরীক্ষা করা
- যারা ভাল সহযোগিতা করছে অথবা করছে না সেই শিক্ষার্থীদের লক্ষ্য রাখা
- প্রশংসা করা, সহায়তা ও উৎসাহ দেওয়া
- সাধারণ ভুলগুলো চিহ্নিত করা।

চিত্র 2 জুটিতে কাজ নিরীক্ষণ করা

মূল্যায়ন শিক্ষার্থীদের ভাষা বিকাশের সাথে সম্পর্কিত হতে পারে, যেমন তাদের:

- নিজের বা বিদ্যালয়ের ভাষায় কথা বলার সময় উপযুক্ত শব্দসম্ভার ও প্রকাশভঙ্গীর ব্যবহার
- এটাকে লেখায় অনুবাদ করার ক্ষমতা
- জুটিগত সহযোগিতায় অবদানের প্রকৃতি
- কল্পনা
- শ্রেণির সাথীদের কাছে করে দেখানোর ক্ষমতা।

'উন্নতি ও সম্পাদনের মূল্যায়ন' এই মূল সম্পদ শ্রেণিতে আপনার শিক্ষার্থীদের মূল্যায়ন করার আরও অনেক উপায়ের পরামর্শ দেয়।

ভিডিও: উন্নতি ও সম্পাদনের মূল্যায়ন

3 জুটিতে কাজের একটা পাঠ পরিকল্পনা তৈরি করা

এবার অ্যাক্টিভিটি 2 চেষ্টা করে দেখুন।

অ্যাক্টিভিটি 2: জুটিতে কাজের একটা পাঠ পরিকল্পনা তৈরি করা

এই কার্যকলাপে আপনি এমন একটা পাঠ পরিকল্পনা করবেন যার মধ্যে থাকবে অনধিক 20 মিনিটের জুটিতে কাজ। সম্পদ 1-এ কাজের ধরনের উদাহরণগুলি পর্যালোচনা করুন:

- ভাবা-জুটি বাঁধা-শেয়ার করা
- তথ্য শেয়ার করা
- দক্ষতা অনুশীলন করা যেমন শোনার
- নির্দেশাবলী অনুসরণ করা
- গল্প বলা অথবা ভূমিকায় অভিনয় করা।

সম্পদ 1-এর ধারণা ও নির্দেশনা ব্যবহার করে এবং কেস স্টাডি 1 ও 2 কাজে লাগিয়ে, একটা বিষয় নির্বাচন করুন, যা নিয়ে বলতে ও লিখতে আপনার শিক্ষার্থীদের প্রণোদিত করা হবে। আপনি আপনার শ্রেণির ভাষা এবং সাক্ষরতা পাঠ্যবইয়ের কোনো অধ্যায়ের ওপর অথবা অন্য বিষয়, জনগোষ্ঠীর সাম্প্রতিক কোনো অনুষ্ঠান, বা স্থানীয় অথবা জাতীয় খবরের ওপর নির্ভর করতে পারেন। জুটিতে কাজের আগে আপনার শিক্ষার্থীরা অনুপ্রেরণার জন্য কী পড়তে পারে, অথবা এর পরে কী কী পড়ার সুযোগ থাকতে পারে তা বিবেচনা করুন।

চিত্র 3 জুটিতে কাজের একটা পাঠ পরিকল্পনা তৈরি করা

শুরুতে সতর্কভাবে আপনার শ্রেণিকে প্রস্তুত করা গুরুত্বপূর্ণ।

1. শিক্ষার্থীদের জুটিতে সাজানোর আগে তাদের কাছে ব্যাখ্যা করুন তারা কী করবে।
2. তাদের কাছে কী কাজ আশা করা হয় তা একজন স্বেচ্ছাসেবীর সাহায্য নিয়ে প্রদর্শন করুন।
3. তারা কেমন বুঝেছে তা পরীক্ষা করার জন্য কিছু শিক্ষার্থীকে বলুন এটা আপনার কাছে আবার ব্যাখ্যা করতে। তারা চাইলে তাদের নিজের ভাষায় এই ব্যাখ্যা প্রদান করতে পারে।
4. জুটিতে কথা বলার জন্য শান্ত স্বর মডেল করে দেখান। তবুও আপনার মেনে নেওয়া উচিৎ যে ক্লাসে নির্দিষ্ট মাত্রায় শব্দ আপনার শিক্ষার্থীদের কাজে যুক্ত থাকার লক্ষণ।
5. কার্যকলাপের জন্য পরিষ্কার সময়সীমা নির্দিষ্ট করে দিন। আপনার শিক্ষার্থীদের কখন থামা উচিৎ সেটা ঠিক করতে আপনার

হাত বা ঘন্টা ব্যবহার করে জানানোর সংকেত ঠিক করে রাখুন।

6. আপনার শিক্ষার্থীদের জুটিবদ্ধ করুন। কীভাবে এটা করতে হবে তা আগে থেকে ভাবুন, নিশ্চিত করুন যে একটা জুটির মধ্যে যাতে কেউ যেন তার অংশীদারের ওপর আধিপত্য না করে অথবা অংশীদারের অধীনে নিয়ন্ত্রিত না হয়।
7. সম্ভব হলে ঘরের বিভিন্ন অংশে জুটিগুলোকে বসান, অথবা তাদের কিছু অংশকে বাইরে নিয়ে যান।
8. যে জুটিগুলো আগে শেষ করবে তাদের জন্য দু-একটা অতিরিক্ত অ্যাক্টিভিটি পরিকল্পনা করুন।
9. তারা কাজ করার সময় আপনার শিক্ষার্থীদের নিরীক্ষণ করুন, তাদের জুটির কথা শুনুন ও পর্যবেক্ষণ করুন এবং যেখানে প্রয়োজন তাদের সাহায্য করুন।
10. অল্প সংখ্যক শিক্ষার্থীদের নির্বাচন করুন এবং কার্যকলাপের সময় তাদের ভাষা ব্যবহারের মূল্যায়ন করুন, ভবিষ্যৎ পাঠে অন্যদের মূল্যায়নের লক্ষ্য মাথায় রাখুন।
11. আপনার শ্রেণিকে মতামত দেওয়ার জন্য সময় রাখুন, আর উপযুক্ত হলে, পাঠের শেষে অথবা পরের দিন কিছু শিক্ষার্থীকে তাদের কাজ ভাগ করে নেওয়ার সুযোগ দিন। তাদের কাজ উপস্থাপন করা এবং অন্যরা কী করেছে তা শোনা শিক্ষার্থীদেরকে অতিরিক্ত মূল্যবান কিছু শেখার সুযোগ দেয়, যেমন একজনের লিখিত কাজ অন্যজনের পড়া।

অ্যাক্টিভিটি 3: জুটিতে কাজের সুবিধা ও অসুবিধাগুলো

আপনি আপনার জুটিতে কাজ চালানোর পরে তা কেমন হল তা পর্যালোচনা করুন। সম্ভব হলে কোন সহকর্মীর সাথে আপনার অভিজ্ঞতা নিয়ে কথা বলুন। সারণী 1-এ প্রযোজ্য যেকোন বিবৃতিতে টিক দিন এবং আপনার নিজস্ব আরও কোনো বিবৃতি যুক্ত করুন।

সারণী 1 *জুটিতে কাজের সুবিধা ও অসুবিধাগুলো*

জুটিতে কাজের সুবিধাগুলো		**জুটিতে কাজের সমস্যাসমূহ**	
‘প্রথাগত’ পাঠের চেয়ে শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের অনেক বেশি কথা বলার সুযোগ দেয়		শিক্ষার্থীরা জুটিতে কাজে অভ্যস্ত নয় এবং এতে অনেক বেশি সহায়তা প্রয়োজন হয়	
বন্ধুভাবাপন্ন শিক্ষা এবং সহযোগিতায় উৎসাহ দেয় – যে শিক্ষার্থীরা পরস্পরকে ভালভাবে জানে না তাদের মধ্যে ইতিবাচক যোগাযোগ তৈরি করার সম্ভাবনা থাকে		জুটিগুলো তাদের দেওয়া কাজের বদলে অন্য বিষয় নিয়েও কথা বলতে পারে	
একই কাজের জন্য বিভিন্ন ধরনের কল্পনামূলক ফলাফল উৎসাহিত করে		উচ্চ শব্দের মাত্রা	
শিক্ষার্থীদের কাজের মধ্যে নিরীক্ষণ ও সহায়তা করার সুযোগ দেয়		অংশীদারেরা সবসময় একে অপরের সঙ্গে মানিয়ে চলতে পারে না	
		জুটিগুলোর কাজ শেষ করার সময় ভিন্ন ভিন্ন হয়	
		শিক্ষককে অনেক বেশি মনযোগ ও নজরদারী করতে হয়	

আপনি যে সমস্যাগুলোর সম্মুখীন হতে পারেন সেগুলি আপনার শিক্ষার্থীদের কাছে জুটিতে কাজের সুবিধাগুলো ব্যাখ্যা করার মাধ্যমে কিছুটা কমিয়ে আনতে পারেন, হয়তো তাদের নিজের ভাষা ব্যবহার করলে, এবং ধীরে ধীরে এই কাজের ধরনের সাথে তাদের পরিচিত করালে ভাল হবে। প্রতিটা পাঠের আগে সবথেকে সহায়ক হবে এমন জুটি পরিকল্পনা করুন, আপনার পর্যবেক্ষণ অনুসারে এবং কাজের বিভিন্ন ধরণ বজায় রাখা যায় এমন ভাবে সেগুলি পরিবর্তন করুন। জুটিতে কাজ সম্পর্কে আপনার শিক্ষার্থীদের দৃষ্টিভঙ্গি – ইতিবাচক বা নেতিবাচক – জানাতে আহ্বান করতে পারেন, কিন্তু এই রকম আলোচনা সংবেদনশীলভাবে চালানো উচিৎ।

4 সারসংক্ষেপ

এই ইউনিট আপনার ভাষা পাঠে জুটিতে কাজের পরিকল্পনা ও ব্যবস্থাপনার ওপর আলোকপাত করেছে। জুটিতে কাজ আপনার শিক্ষণ উপকরণ সংগ্রহে অত্যন্ত কার্যকরী হাতিয়ার হতে পারে, যা অনেকগুলো ভিন্ন ধরনের কার্যকলাপের মাধ্যমে বন্ধুভাবাপন্ন, সহযোগিতামূলক শিক্ষার সুযোগ প্রদান করে।

সম্পদসমূহ

সম্পদ 1: জুটিবদ্ধ কাজ ব্যবহার করা

রোজকার জীবনে মানুষ পাশাপাশি কাজ করে, পরস্পর কথা বলে ও শোনে, আর দেখে তারা কী করছে আর কীভাবে করছে। এইভাবে মানুষ শেখে। আমরা যখন অন্যের সঙ্গে কথা বলি, আমরা নতুন ধারণা আর তথ্য আবিষ্কার করি। শ্রেণিকক্ষে সবকিছু যদি শিক্ষক কেন্দ্রিক হয়, তাহলে বেশিরভাগ শিক্ষার্থীরাই তাদের শিক্ষা প্রদর্শন করতে বা পরখ করে দেখতে বা প্রশ্ন করতে পর্যাপ্ত সময় পাবে না। কিছু শিক্ষার্থী হয়ত সংক্ষিপ্ত উত্তর দেবে আর কিছু শিক্ষার্থী হয়ত কিছুই বলবে না। শিক্ষার্থীবহুল শ্রেণিতে পরিস্থিতি আরও খারাপ হবে। খুব অল্প সংখ্যক শিক্ষার্থীই কোন কিছু বলবে।

জুটিতে কাজের পদ্ধতি কেন ব্যবহার করা হয়?

জুটিতে কাজ শিক্ষার্থীদের কথা বলার মাধ্যমে আরো বেশি শেখার একটা স্বাভাবিক রাস্তা। এটা তাদের নতুন ভাষা আর ধারণাগুলো ভাবার আর ব্যবহার করার সুযোগ দেয়। এটা শিক্ষার্থীদের নতুন দক্ষতা ও ধারণাগুলোর মাধ্যমে কাজ করার একটা সহজ উপায় প্রদান করে, আর শিক্ষার্থীবহুল শ্রেণির ক্ষেত্রে ভালভাবে কার্যকর হয়।

সমস্ত বয়স ও বিষয়ের ক্ষেত্রেই জুটি বেঁধে কাজ করা কার্যকরী হয়। এটা বিশেষত বহুভাষিক, নানা মানের শিক্ষার্থী আছে এমন শ্রেণির ক্ষেত্রে উপযোগী কেননা এখানে একে অন্যকে সাহায্য করার জন্য জুটিগুলোকে বিন্যস্ত করা যায়। এটা সবচেয়ে ভালভাবে কার্যকর হয় যখন আপনি সুনির্দিষ্ট কাজ পরিকল্পনা করেন এবং জুটিগুলোকে পরিচালনার জন্য রুটিন তৈরি করেন, যাতে আপনার সমস্ত শিক্ষার্থীকে অন্তর্ভুক্ত করা আর তাদের শিক্ষা ও উন্নতি নিশ্চিত করা যায়। এই রুটিনগুলো তৈরি হয়ে যাওয়ার পরে, আপনি দেখতে পাবেন যে শিক্ষার্থীরা জুটি বেঁধে কাজ করতে দ্রুত অভ্যস্ত হয়ে যাবে আর এইভাবে শেখাকে উপভোগ করবে।

জুটি বেঁধে কাজের জন্য করণীয়

শিক্ষার কাঙ্খিত ফলাফলের ওপর নির্ভর করে, আপনি বিভিন্ন ধরনের জুটি বেঁধে কাজ ব্যবহার করতে পারেন। জুটি বেঁধে করার কাজগুলো অবশ্যই সুস্পষ্ট ও উপযুক্ত হতে হবে, যাতে শেখার সময় একসাথে করা যায় কেননা একা কাজ

করার থেকে জুটিবদ্ধ কাজ অনেক বেশি সহায়ক হয়। তাদের ধারণাগুলো সম্বন্ধে আলোচনার মাধ্যমে আপনার শিক্ষার্থীরা আপনা থেকেই সেগুলো সম্বন্ধে চিন্তাভাবনা করতে থাকবে আর সেগুলোকে আরো উন্নত করবে।

জুটি বেঁধে করার কাজগুলোর মধ্যে অন্তর্ভুক্ত হল:

- **'ভাবো-জুটি বাঁধো-আদানপ্রদান করো':** শিক্ষার্থীরা নিজেরাই কোনো সমস্যা বা বিষয় সম্বন্ধে চিন্তাভাবনা করে আর তারপরে সম্ভাব্য উত্তরগুলো নির্ণয় করার জন্য জুটি বেঁধে কাজ করে, তারপরে অন্য শিক্ষার্থীদের সঙ্গে তাদের উত্তরগুলো আদানপ্রদান করে। বানান লেখা, হিসাব গণনা করা, জিনিসগুলোকে শ্রেণিতে বিন্যস্ত করা বা ক্রমানুসারে সাজানো, বিভিন্ন দৃষ্টিভঙ্গি দেওয়া, কোনো গল্পের চরিত্রগুলোর মতো অনুকরণ করা ইত্যাদির জন্য এটা ব্যবহার করা হতে পারে।
- **তথ্য আদানপ্রদান:** শ্রেণির অর্ধেককে কোনো বিষয়ের একটি দিক সম্বন্ধে তথ্য দেওয়া হয়, আর অন্য অর্ধেককে বিষয়টির অন্য কোনো দিক সম্বন্ধে তথ্য দেওয়া হয়। তারপরে তারা তাদের তথ্য বিনিময় করার জন্য জুটি বেঁধে কাজ করে, যাতে একটি সমস্যা সমাধান করা যায় বা কোনো সিদ্ধান্তে পৌঁছনো যায়।
- **শোনার মতো দক্ষতাগুলো অভ্যাস করা:** একজন শিক্ষার্থী একটা গল্প পড়তে পারে আর অন্যজন প্রশ্ন জিজ্ঞাসা করতে পারে; একজন শিক্ষার্থী ইংরেজিতে একটা রচনা পড়তে পারে আর অন্যজন সেটা লিখতে চেষ্টা করতে পারে; একজন শিক্ষার্থী কোনো ছবি বা চিত্রের বর্ণনা দিতে পারে আর অন্যজন বর্ণনার ভিত্তিতে সেটা আঁকার চেষ্টা করতে পারে।
- **নির্দেশাবলী অনুসরণ করা:** একজন শিক্ষার্থী কোনো কাজ সম্পূর্ণ করার জন্য, অপর শিক্ষার্থীর উদ্দেশে নির্দেশগুলো পড়ে শোনাতে পারে।
- **গল্প বলা বা কোন বিশেষ ভূমিকায় অভিনয়ের ব্যবহার করা:** শিক্ষার্থীরা যে ভাষা শিখছে সেই ভাষায় একটা গল্প বা সংলাপ প্রস্তুত করার জন্য তারা জুটি বেঁধে কাজ করতে পারে।

সবাইকে অন্তর্ভুক্ত করার জন্য জুটিগুলোকে পরিচালনা করা

জুটি বেঁধে কাজ করার ক্ষেত্রে সবাইকে অংশগ্রহণ করতে হয়। যেহেতু শিক্ষার্থীরা আলাদা ধরনের হয়, তাই জুটিগুলোকে এমনভাবে পরিচালনা করতে হয় যাতে তারা প্রত্যেকে জানে যে তাদের কী করতে হবে, তারা কী শিখছে আর আপনি কী কী প্রত্যাশা করেন। আপনার শ্রেণিকক্ষে জুটি বেঁধে কাজের রুটিন তৈরির জন্য, আপনাকে নিচের কাজগুলো করতে হবে:

- শিক্ষার্থীরা যে সমস্ত জুটিতে কাজ করে, সেগুলো পরিচালনা করা। কখনও কখনও শিক্ষার্থীরা বন্ধুদের নিয়ে জুটিতে কাজ করবে; কখনও তা নাও করতে পারে। নিশ্চিত করুন যে তারা যেন এটা বোঝে, যে তাদের শিক্ষাকে সর্বোচ্চ পর্যায়ে নিয়ে যেতে সাহায্য করার জন্য আপনি জুটির ব্যাপারে সিদ্ধান্ত নেবেন।
- আরো বেশি চ্যালেঞ্জ তৈরি করার জন্য, আপনি কখনও কখনও মিশ্র সামর্থ্য ও বিভিন্ন ভাষার শিক্ষার্থীদের একসাথে নিয়ে জুটি তৈরি করতে পারেন, যাতে তারা একে অন্যকে সাহায্য করতে পারে; অন্য ক্ষেত্রে আপনি এমন শিক্ষার্থীদের নিয়ে জুটি তৈরি করতে পারেন যারা একই পর্যায়ে কাজ করতে পারে।
- আপনার শিক্ষার্থীদের সামর্থ্য জানতে নথি রাখুন, আর সেই অনুযায়ী তাদেরকে একসাথে রেখে জুটি তৈরি করুন।
- জুটি বেঁধে কাজ করার সুবিধাগুলো শুরুতেই শিক্ষার্থীদের ব্যাখ্যা করুন। পরিবার আর সমাজের প্রসঙ্গ থেকে উদাহরণ ব্যবহার করুন যেখানে লোকেরা সহযোগীরূপে কাজ করে।
- প্রাথমিক কাজগুলোকে সংক্ষিপ্ত ও সুস্পষ্ট রাখুন।
- আপনি যেভাবে চান শিক্ষার্থীরা সেভাবেই কাজ করছে, এই বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য শিক্ষার্থীদের জুটিগুলোর ওপর নজর রাখুন।

- শিক্ষার্থীদেরকে তাদের জুটিতে ভূমিকা বা দায়িত্ব প্রদান করুন, যেমন কোনো গল্প থেকে দুটো চরিত্র, বা ‘1’ ও ‘2’, বা ‘A’ ও ‘B’ এর মতো সহজ লেবেল দিন। তারা একে অন্যের মুখোমুখি হওয়ার আগেই এটা করুন, যাতে তারা শোনে।
- নিশ্চিত করুন যেন শিক্ষার্থীরা মুখোমুখি বসার জন্য সহজেই মুখ ঘোরাতে বা নড়াচড়া করতে পারে।

জুটি বেঁধে কাজ করার সময় শিক্ষার্থীদের বলুন যে প্রতিটি কাজের জন্য তারা কত সময় পাবে, আর নিয়মিতভাবে সময় ঘোষণা করুন। যে জুটিগুলো একে অন্যকে সাহায্য করে আর কাজটা চালু রাখে, তাদের প্রশংসা করুন। জুটিগুলোকে স্থিত হতে আর নিজস্ব সমাধান খুঁজে বের করতে সময় দিন। শিক্ষার্থীরা ভাবনাচিন্তা করার সময় পাওয়ার আগেই দ্রুত তাদের সাথে জড়িত হওয়া আর তারা কী করতে পারে তা দেখানো লোভনীয় হতে পারে। কথা বলা ও কাজ করার পরিবেশটা বেশির ভাগ শিক্ষার্থীই উপভোগ করে। আপনি শ্রেণির চারদিকে হাঁটাচলা করতে করতে লক্ষ রাখুন ও শুনুন, লিখে নিন যে কারা একসাথে স্বচ্ছন্দে কাজ করছে, কাউকে আলোচনায় অন্তর্ভুক্ত করা না হলে সেই বিষয়ে সতর্ক থাকুন, আর যে কোনো সাধারণ ত্রুটি, ভাল ধারণা বা সারসংক্ষেপ লিখে নিন।

কাজটার শেষে আপনার একটা ভূমিকা হল শিক্ষার্থীরা যা প্রস্তুত করেছে তার মধ্যে সংযোগ স্থাপন করা। আপনি কয়েকটা জুটির কাজ দেখানোর জন্য জুটিগুলো নির্বাচন করতে পারেন, অথবা আপনি তাদের জন্য এটাকে সংক্ষিপ্ত আকার দিতে পারেন। শিক্ষার্থীরা একসাথে কাজ করার সময় সাফল্যের একটা অনুভূতি পেতে পছন্দ করে। আপনাকে প্রতিটা জুটির থেকে মতামত নিতে হবে না – কেননা এটা খুব বেশি সময় নেবে - তবে এমন শিক্ষার্থীদের নির্বাচন করুন যাদের পর্যবেক্ষণ করে আপনি বুঝতে পেরেছেন যে তারা একটা ইতিবাচক অবদান দিতে সমর্থ হবে, যা অন্যদেরও শিখতে সাহায্য করবে। যে সমস্ত শিক্ষার্থীরা অংশ নেওয়ার ক্ষেত্রে সাধারণত ভীতু স্বভাবের হয়, তাদের আত্মবিশ্বাস গড়ে তোলার এটা একটা সুযোগ হতে পারে।

আপনি যদি শিক্ষার্থীদের কোনো সমস্যা সমাধান করতে দেন, সেই ক্ষেত্রে আপনি একটা আদর্শ উত্তরও দিতে পারেন আর তারপরে তাদের জুটি বেঁধে আলোচনা করতে বলতে পারেন যে তাদের উত্তরগুলোকে কীভাবে উন্নত করা যায়। এটা তাদেরকে তাদের নিজের শিখন সম্বন্ধে চিন্তাভাবনা করতে আর তাদের ভুল থেকে শিখতে সাহায্য করবে।

আপনি যদি জুটিতে কাজের ক্ষেত্রে নতুন হন, তবে আপনি এই কাজ, সময় বিভাগ অথবা জুটির সমন্বয় নিয়ে আপনার কাঙ্খিত যেকোন পরিবর্তনের নোট করা গুরুত্বপূর্ণ। আপনি এভাবেই শিখবেন আর এভাবেই আপনার পড়ানোর উন্নতি করতে পারবেন, তাই এটা এত জরুরি। সফলভাবে জুটি বেঁধে কাজ পরিচালনা করার সাথে সুস্পষ্ট নির্দেশ দেওয়া ও ভালভাবে সময় নিয়ন্ত্রণের সম্পর্ক আছে, আর সংক্ষেপে সারাংশ দেওয়াও জরুরি - এই সবকিছুর জন্যই অভ্যাস প্রয়োজন হয়।

অতিরিক্ত সম্পদসমূহ

Textbooks of class I and II (আমার বই) West Bengal Board of Primary education

- Some helpful websites referring to paired reading:
  - http://www.readingrockets.org/strategies/paired_reading
  - http://www.moray.gov.uk/moray_standard/page_62204.html
- Some helpful websites referring to paired work in the classroom:
  - http://www.teachingenglish.org.uk/language-assistant/primary-tips/working-pairs-groups

তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Glasner, E. and Mahmout, U. (2005) ‘Putting paired learning into practice in the primary classroom’ (online), University of Newcastle upon Tyne/Campaign for Learning. Available from: http://www.campaign-for-learning.org.uk/cfl/assets/documents/CaseStudies/L2L_cs_fleecefield_ph3.pdf (accessed 18 November 2014).

Jolliffe, W. (2007) *Cooperative Learning in the Classroom: Putting it into Practice*. London: Sage Publications.

কৃতজ্ঞতাস্বীকার

এই বিষয়বস্তু ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন – শেয়ারঅ্যালাইক লাইসেন্স এর অধীনে উপলব্ধ (http://creativecommons.org/licenses/by-sa/3.0/), যদি না অন্যভাবে চিহ্নিত হয়। TESS-India, OU এবং UKAID লোগোগুলোর ব্যবহার এই লাইসেন্সের অন্তর্ভুক্ত নয়, এগুলো শুধুমাত্র TESS-India প্রোজেক্টের ভিতরে অপরিবর্তিতভাবে ব্যবহার করা যায়।

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।